

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮২

পর্ব-১: ত্বাহরাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৬: উযূর বর্ণনা-উভয় কজি ধৌত করা প্রসঙ্গ

صِفَةُ الْوُضُوءِ غَسْلُ الْكَفَّيْنِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ الْبَصْرِيُّ، عَنْ بَشْرِ بْنِ الْمُفَضَّلِ، عَنْ ابْنِ عَوْنٍ، عَنْ عَامِرِ الشَّعْبِيِّ، عَنْ عُرْوَةَ بْنِ الْمُغِيرَةِ، عَنْ الْمُغِيرَةِ، وَعَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، عَنْ رَجُلٍ، حَتَّى رَدَّهُ إِلَى الْمُغِيرَةِ، قَالَ ابْنُ عَوْنٍ: وَلَا أَحْفَظُ حَدِيثَ ذَا مِنْ حَدِيثِ ذَا، أَنَّ الْمُغِيرَةَ، قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ، فَقَرَعَ ظَهْرِي بِعَصَا كَانَتْ مَعَهُ فَعَدَلَ وَعَدَلْتُ مَعَهُ حَتَّى أَتَى كَذَا وَكَذَا مِنَ الْأَرْضِ فَأَنَاخَ ثُمَّ انْطَلَقَ، قَالَ: فَذَهَبَ حَتَّى تَوَارَى عَنِّي، ثُمَّ جَاءَ، فَقَالَ: أَمَعَكَ مَاءٌ؟ وَمَعِيَ سَطِيحَةٌ لِي، فَأَتَيْتُهُ بِهَا فَأَفْرَغْتُ عَلَيْهِ، فَغَسَلَ يَدَيْهِ وَوَجْهَهُ وَذَهَبَ لِيَغْسِلَ ذِرَاعَيْهِ وَعَلَيْهِ جُبَّةٌ شَامِيَّةٌ ضَيِّقَةٌ الْكُمَيْنِ فَأَخْرَجَ يَدَهُ مِنْ تَحْتِ الْجُبَّةِ فَغَسَلَ وَجْهَهُ وَذِرَاعَيْهِ وَذَكَرَ مِنْ نَاصِيَتِهِ شَيْئًا وَعِمَامَتِهِ شَيْئًا، قَالَ ابْنُ عَوْنٍ: لَا أَحْفَظُ كَمَا أُرِيدُ، ثُمَّ مَسَحَ عَلَى خُفَّيْهِ، ثُمَّ قَالَ: حَاجَتُكَ؟ قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، لَيْسَتْ لِي حَاجَةٌ، فَجِئْنَا وَقَدْ أَمَّ النَّاسَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ وَقَدْ صَلَّى بِهِمْ رَكْعَةً مِنْ صَلَاةِ الصُّبْحِ، فَذَهَبَتْ لِأُوزِنَهُ فَنَهَانِي، فَصَلَّيْنَا مَا أَدْرَكْنَا وَقَضَيْنَا مَا سَبَقْنَا .

تخریج دارالدعوه: انظر حديث رقم: ٧٩ (تحفة الأشراف: ١١٥١٢) (صحيح) (بخاری

کی روایت میں ”ناصیه“ اور ”عمامہ“ کا ذکر نہیں ہے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 82 - صحيح ق لكن ليس عند خ

ذكر الناصية والعمامة

৮২. মুহাম্মাদ ইবনু ইব্রাহীম আল বাসরী (রহ.) ... মুগীরাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) -এর সাথে আমরা এক সফরে গেলাম। তার সঙ্গে একটি লাঠি ছিল। (পথের একস্থানে) তিনি (সা.) লাঠিটি দিয়ে আমার পিঠে টোকা দিলেন। পরে তিনি মাঝ পথ ছেড়ে পাশ দিয়ে হাঁটতে লাগলেন, আমিও তার সঙ্গে হাঁটতে লাগলাম। (কিছুক্ষণ হাঁটার পর) এক স্থানে এসে উট থামালেন। এরপর তিনি (সা.) আবার চলতে লাগলেন। রাবী বলেন, তিনি (সা.) এতদূর গেলেন যে, আমার থেকে অদৃশ্য হয়ে গেলেন। (ক্ষণিক পর) ফিরে এসে বললেন, তোমার নিকট পানি আছে কি? আমার সাথে একটি পানির পাত্র ছিল, আমি তা নিয়ে তাঁর নিকট আসলাম এবং পানি ঢেলে দিতে লাগলাম। তিনি তাঁর হাত মুখ ধৌত করলেন এবং বাহু ধৌত করতে চাইলেন। তখন তাঁর পরনে ছিল চিকন হাতার একটি শামী জুব্বা (সিরিয়)। তিনি জুব্বার ভেতর থেকে নিচ দিক দিয়ে হাত বের করে আনলেন এবং মুখমণ্ডল ও হাত ধৌত করলেন। তিনি কপাল ও পাগড়ির কিছু অংশ মাসাহ করেছিলেন বলে রাবী উল্লেখ করেছেন। (হাদীসের একজন রাবী) ইবনু 'আওন (রহ.) বলেন, আমার যেমন ইচ্ছা ছিল হাদীসটি তেমন মনে রাখতে পারি না। (এরপর রাবী বলেন) এরপর তিনি (সা.) তাঁর মোজার উপর মাসাহ করলেন এবং বললেন, তোমার প্রয়োজন সমাধা করো। আমি বললাম, হে আল্লাহর রসূল! আমার কোন প্রয়োজন নেই। তারপর আমরা চলে আসলাম। (এদিকে রাসূলুল্লাহ (সা.) -এর বিলম্বের কারণে) আবদুর রহমান ইবনু আওফ (রাঃ) লোকেদের ইমামতি করলেন। তখন তিনি লোকেদেরকে নিয়ে ফজরের সালাত এক রাকআত আদায় করে ফেলেছেন। আমি আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)-কে রাসূলুল্লাহ (সা.) -এর আসার সংবাদ দেয়ার ইচ্ছা করি কিন্তু তিনি (সা.) আমাকে নিষেধ করেন। অতএব আমরা যতটুকু পেলাম তা (জামা'আতে) আদায় করলাম এবং বাকীটুকু নিজেরা আদায় করে নিলাম।

English

66. Washing The Hands

Al-Mughirah said: We were with the Prophet (ﷺ) on a journey, and he tapped me on the back with a stick he had with him, then he turned off (route) and I turned off with him until he came to such and such an area. Then he made his camel stop and went away until he disappeared from me, then he came back and said: 'Do you have water with you?' I had a water skin with me, so I brought it out and poured it for him. He washed his hands and face and began to wash his arms, but he was wearing a Syrian Jubbah[1] that had narrow sleeves, so he brought his arms out from beneath the Jubbah and washed his hands and arms, and wiped his forelock a little and his turban a little. - Ibn 'Awn said: I cannot remember it well - then he wiped over his Khuffs. Then he said: 'What do you need?' I said: 'O Messenger of Allah, I do not need anything.' Then we came and 'Abdur-Rahman bin 'Awf was leading the people in Salah, and he had led them in one Rak'ah of the Subh (Fajr) prayer. I wanted to tell him that the Prophet (ﷺ) had arrived but he did not let me, so we prayed what we had caught up

with and made up what we had missed.'

[1] It is a type of cloak.

ফুটনোট

সহীহ: বুখারী ২০৬, কপাল ও পাগড়ী উল্লেখ ব্যতীত ৫৭৯৯; মুসলিম ২৭৪, সহীহ আবু দাউদ ১৩৬, ১৩৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86353>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন